

পেমেন্ট সিস্টেমস് ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

২৬ নভেম্বর ২০১৮

পিএসডি সার্কুলার লেটার নং : ০২/২০১৮

তারিখ : -----

১২ অগ্রহায়ণ ১৪২৫

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

পিএসডি সার্কুলার নং: ০৪/২০১৭ এর নির্দেশনা পরিপালন প্রসঙ্গে।

২৪ আগস্ট, ২০১৭ তারিখে জারিকৃত পিএসডি সার্কুলার নং: ০৪/২০১৭ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলারের ১.৫ নং ধারা মোতাবেক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত সকল ব্র্যান্ডেড কার্ড চিপ ও পিন (CHIP and PIN) যুক্ত করা; ইতোপূর্বে ইস্যুকৃত এ ধরনের সকল ম্যাগনেটিক স্ট্রিপ কার্ডসমূহকে ক্রমান্বয়ে এ প্রযুক্তিতে উন্নীত করা এবং ৩০-০৬-২০১৮ তারিখের মধ্যে এ প্রক্রিয়া পুরোপুরি সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়েছিল। ব্যাংকসমূহ হতে প্রাপ্ত তথ্যানুযায়ী অদ্যাবধি কতিপয় ব্যাংক তাদের ব্র্যান্ডেড ম্যাগনেটিক স্ট্রিপ কার্ডসমূহ চিপ ও পিন ভিত্তিক করার প্রক্রিয়া সম্পন্ন করেনি মর্মে জানা গেছে।

এতদ্ব্যৱক্তিতে, আগামী ৩১-১২-২০১৮ ইং তারিখের পর হতে নতুন ব্র্যান্ডেড কার্ড ইস্যু করার ক্ষেত্রে ম্যাগনেটিক স্ট্রিপ প্রযুক্তির ব্যবহার রাহিত করা হলো এবং একইসাথে ২৮-০২-২০১৯ ইং তারিখের মধ্যে আপনাদের প্রতিষ্ঠানের ইতোপূর্বে ইস্যুকৃত ব্র্যান্ডেড ম্যাগনেটিক স্ট্রিপ কার্ডসমূহ চিপ ও পিন ভিত্তিক করার প্রক্রিয়া জরুরী ভিত্তিতে সম্পন্ন করে অত্র বিভাগকে অবহিত করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

(মাসুমা সুলতানা)

উপমহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৯৪

ই-মেইল: masuma.sultana@bb.org.bd